

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
স্থান : উপজেলা কৃষি অফিসারের অফিস কক্ষ, চারঘাট, রাজশাহী।
তারিখ : ২২/০৬/২০২২ খ্রিঃ।
গময় : সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক এ দেখানো হলো।

অধ্যকার সভা উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে শুরু হয়। উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। শুরুতে গত সভার সিদ্ধান্ত পঠিত এবং কোন রকম সংশোধনী ছাড়াই দৃষ্টীকরণ করা হয়।

আলোচনা সমূহঃ

১। সভার সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার মহোদয় জানান যে, কৃষি অফিসের তত্ত্বাবধানে প্রনোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়েছে।

২। উপজেলা কৃষি অফিসার আরো জানান যে, চলমান খরা পরিস্থিতির কারণে রোপা আমন ধানের আবাদে সেচ ইউনিট(গভীর নলকূপ, অগভীর নলকূপ ইত্যাদি) চালু করে সময়মত চাষাবাদের জন্য পরামর্শ প্রদান করা হয়। ইতিমধ্যে রোপা আমনের বীজতলা সম্পন্ন হয়েছে। সুষম সার প্রয়োগ, সঠিক বয়সের চারা রোপন, সারিতে রোপন, লগো এবং রোপনের দিনই পার্চিংসহ ইত্যাদি উন্নত প্রযুক্তি সমূহ ব্যবহারে মাঠ পর্যায়ে চাষীদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

৩। রোপা আমন ধান নির্বিঘ্নে উৎপাদনের জন্য কৃষকদেরকে সতর্ক রাখা সহ সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের দোকানে সারের পর্যাপ্ত মজুদ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।

পরিষদ

ক্র: নং:	উপস্থিত কর্মকর্তা/ কৃষকের নাম	পদবী	পদ	মন্তব্য
১	মোঃ আরিফুল ইসলাম	চেয়ারম্যান ১ নং ইউনিয়ন	স্বাক্ষরিত	
২	আবুল কালাম আজাদ	চেয়ারম্যান ২ নং ইউনিয়ন	"	
৩	মোঃ হাসানুজ্জামান মধু	চেয়ারম্যান ৩ নং ইউনিয়ন	"	
৪	মোঃ মিজানুর রহমান	চেয়ারম্যান ৪ নং ইউনিয়ন	"	
৫	মোঃ মতিয়ুর রহমান	চেয়ারম্যান ৫ নং ইউনিয়ন	"	
৬	মোঃ আবদুল মজিদ প্রামানিক	চেয়ারম্যান ৬ নং ইউনিয়ন	"	
৭	লুৎফুন নাহার	উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব	"	